সামুইল মারশাক

ডাক সেবা



সামুইল মারশাক

ডাক সেবা

ছবিঃ ইয়ুভিয়েনালি করোভিন
অনুবাদঃ চৈতী রহমান



MINI PROGRESS & MINI RADUGA



ঘড়িতে তখন ঠিক সক্কাল আট
দরজায় কড়া নাড়ে খট খট খট
তামার ফলকে পাঁচ নম্বর তোলা
নীলরঙা জামা জুতো, পিঠে মোটা ঝোলা।
কে এসেছে?
শোন শোন
লেনিনগ্রাদের ডাকপিয়ন।

ঝোলায় পোরা যেন পুরো দুনিয়া
কত নাম ঠিকানা
জানা আর অজানা
বাকু থেকে বালাক্লাভা
তিফলিসা তামবোভা
সাইবেরিয়া থেকে তিউনিসিয়া।



সাতটায় শুরু হয় তার চিঠি বিলি
দশটায় ঝোলা হয় আধখানা খালি
সূর্য মাথায় ওঠে ঠিক বারোটায়
ডাকপিয়নের ঝোলা খালি হয়ে যায়।

--এখানে কি থাকেন কমরেড জিৎকভ?
রেজিস্ট্রি চিঠি আছে তার নামে
প্রেরকের ঠিকানা রস্তভ।
খাতায় লাগবে তার সই
কোথায় তিনি? একটু খবর দিন।
--এই তো সবে বেরোলেন
ছুটলেন বার্লিন।



বাতাস বইছে আজ শনশন সহজে
জিৎকভ ছুটেছেন উড়োজাহাজে।
বার্লিন বার্লিন
পথ বেশি নাই রে
বুড়ো মেঘ কচি মেঘ
উড়ে চলে বাইরে।
নিচে রেললাইন আঁকা
আঁকাবাঁকা আঁকাবাঁকা।
চিরে দিয়ে মাঠ ঘাট গ্রাম নদী প্রান্তর
ছুটে চলে আমাদের রেলগাড়ি ডাকঘর।

দিনরাত একাকার
ডাকঘর কামরায়
রেলগাড়ি ঝমাঝম, কাজের নেই কামাই
চলছে ব্যস্ত হাতে ঠিকানা বাছাই।

পোস্টকার্ড চলে যাবে দুব্রোভকায়

পার্সেলগুলো যাবে পোক্রাভকায়

পত্রিকা নেমে যাবে ক্লিন ইস্টিশনে

চিঠি যাবে বোলোগাইয়ে সব গুনে গুনে

জিৎকভ ভোর ভোর নামবেন বার্লিনে
ডাকবিভাগের লোক নিয়মে ও যতনে
রেজিস্ট্রি চিঠিটা পৌঁছে দেবেন ওইখানে।
.

গাড়িঘোড়া মোটরে
ক্যাঁচক্যাঁচে শহরে
ছটফট ছটফট
রেগে গিয়ে কটমট।
বুটজুতো চকচকে
বোতামের সারি বুকে
ঝকমকে ঝকঝকে।
ফিটফাট টানটান
বার্লিনের ডাকপিয়ন।

এটা লিন্ডেন গলি?
হাতে চিঠির ঝুলি।
হের জিৎকভ আছেন?
দরজায় হাসিমুখ ইয়া বপুখান
সদয় সম্ভাষণে বলেন দারোয়ান,
ছিলেন গতকালই
আজ কামরা খালি।
যদ্দুর জানে
হের জিৎকভ গেছেন
ইংল্যান্ড পানে।





দেশ বিদেশ ঘোরে
বিমান জাহাজে চড়ে
কাটে না টিকেট কোনও
নেয় না সে ছুটি।
স্তেপ থেকে মরুভূমি
যেখানেই থাকো তুমি
ঠিকঠাক ঠিকানায়
পেয়ে যাবে চিঠি।

খিদে নেই ঘুম নেই
শুয়ে থাকে পরিপাটী
ডাকবাক্সেতে উঠি।
পা নেই তবু চলে
মুখ নেই তবু বলে
এর নাম চিঠি।

জরুরী। ইংল্যান্ড। লন্ডন। পশ্চিম।
১৪ নম্বর ববকিন সড়ক।

ঘড়ি ধরে হুড়োহুড়ি
দোতলা বাসের সারি
বিজ্ঞাপনের গাড়ি
পোস্টার সাঁটা বাড়ি
অলিগলি গিঁট
কন্ডাক্টর হাঁকেন
এসে গেছে ববকিন স্ট্রিট
নামুন ববকিন স্ট্রিট!

শক্ত দু পায়ে হাঁটেন
সোজা করে পিঠ
ছিপছিপে মিস্টার স্মিথ
লন্ডনের ডাকপিয়ন
অতি সজ্জন।

নীলরঙা টুপি তার, মুখে হাসি আঁকা
চৌদ্দ নম্বর বাড়িতে দিলেন টোকা।

মিস্টার জিৎকভ আছেন?
চশমার কাচ মুছে দাদু দারোয়ান
পড়লেন নাম।
বললেন বরিস জিৎকভ? না না
তিনি ব্রাজিল হয়েছেন রওনা।

জাহাজ ছেড়ে দেবে
ভোঁ ভোঁ ভোঁ
সুটকেস ট্রাংক আর বাক্সে বোঝাই
যাত্রী উঠেছে দেখ কানায় কানায়
খোকাখুকু মামামাসি জ্যাঠামশাই।

পেছনের একখানা কেবিনে
বাক্স প্যাঁটরা কিছু ওঠে নাই
'সংরক্ষিত' বলে ডাকে তাই।
উঠেছে চিঠির বাক্স ওইখানে
কেবিনটাই ডাকঘর
নাকি ডাকঘর উঠেছে কেবিনে
চিঠিরা ব্রাজিল চলেছে যতনে।

রিওতে সূর্য রোদ ঢালে প্রাণপণ
পামের সারির নিচে
ব্রাজিলের ডাকপিয়ন
ডন বাসিলিও
চলেছেন হনহন।

টোল খাওয়া দুমড়ানো
হাতে হাতে ঘোরা
চিঠিখানা প্রাপকের হাতে দেবে ধরা।

কাটাকুটি ঠিকানা অবশেষ
লেখা আছে নির্দেশ
মিটেছে বিশ্ব ভ্রমণের সাধ
ফিরে যাবে আবার সে লেনিনগ্রাদ।

ঘড়িতে তখন ঠিক সক্কাল আট
দরজায় কড়া নাড়ে খট খট খট
তামার ফলকে পাঁচ নম্বর তোলা
নীলরঙা জামা জুতো, পিঠে মোটা ঝোলা
কে এসেছে?
শোন শোন
লেনিনগ্রাদের ডাকপিয়ন।

এখানে কি থাকেন কমরেড জিৎকভ?
রেজিস্ট্রি চিঠি আছে তার নামে
প্রেরকের ঠিকানা রস্তভ।
খাতায় লাগবে তার সই
হাঁকলাম, কোথা হে বরিস,
এসো, সই করে চিঠি বুঝে নাও!

ঝাঁপিয়ে নেমে বিছানা থেকে
চিঠি নিয়ে হাতে
চেঁচায় বরিস
এদিকে আয় জলদি কি যে করিস!
দেখ দেখ দেখ আজব ব্যাপার এ কি
বুঝলি বন্ধু কিছু?
চিঠিখানা ঘুরেছে সবখানে
আমার পিছু পিছু!

সাত সমুদ্দুর তেরো নদী
আমাজন বন দিয়ে পাড়ি
ঢুঁড়ে শহর গ্রাম পর্বত গিরি
রেল ইস্টিমার বিমান মোটরগাড়ি
ফের চিঠিটা এসেছে আমার বাড়ি!
কেমন করে হয়?
ডাক সেবার জয়!
ডাকপিয়নের জয়!

সামুইল মারশাক

ডাক সেবা

ইংরেজি অনুবাদঃ মার্গারেট ওয়েটলিন

ছবিঃ ইয়ুভিয়েনালি করোভিন

সম্পাদনা করেছেন ইয়েভগেনি স্পিরিন, সিভাস ইমানি
লেআউট করেছেন অরভিন্দ গুপ্তা, ইয়েভগেনি স্পিরিন
বাংলা অনুবাদ করেছেন চৈতী রহমান

আন্তর্জাতিক প্রজেক্ট
মিনি প্রগতি এবং মিনি রামধনু

MINI PROGRESS & MINI RADUGA